দৈনিক
জনকণ্ঠ

তারিখ 14 DEC 2017
পৃষ্ঠা ১ কলাম ৪

# ঢাবি সামাজিক বিজ্ঞান অনুষদের প্রথম নারী ডিন নির্বাচিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ৯৬ বছরের ইতিহাসে সামাজিক বিজ্ঞান অনুষদের প্রথম নারী ডিন হিসেবে নির্বাচিত হয়েছেন অধ্যাপক ড. সাদেকা হালিম। অনুষদটিতে এর আগে কোন নারী

*(২ পৃষ্ঠা ৬. কঃ দেখুন)*

## ঢাবি সামাজিক

(প্রথম পৃষ্ঠার পর)

ডিন হিসেবে নির্বাচিত হয়নি। বুধবার বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত হয়। এই নির্বাচনে ডিন হিসেবে অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. সাদেকা হালিমকে সমর্থন দেয় মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি। মুক্তিযুদ্ধের পক্ষের শক্তির সমর্থনে এই প্রথম সামাজিক বিজ্ঞান অনুষদের নেতৃত্বে আসল একজন নারী ডিন। অধ্যাপক সাদেকা হালিম বলেন, মুক্তিযুদ্ধের সপক্ষের শক্তি আমাকে সমর্থন দিয়েছে। আমি তাদের প্রতি কৃতজ্ঞ। সকল শিক্ষক-শিক্ষার্থীদের নিয়ে উন্নয়নের ধারা সমুন্নত রাখব।